# বার্ষিক প্রতিবেদন

## ২০১৮-১৯ অর্থবছর



## সেতু বিভাগ

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

১০ অক্টোবর ২০১৯

## ভূমিকা :

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের আওতাধীন সেতু বিভাগ ২০০৮ সালের ৩১ মার্চ গঠন করা হয়। এ বিভাগের দায়িত্ব হলো ১৫০০ মিটার ও তদূর্ধ্ব দৈর্ঘ্যর বৃহৎ সেতু, এক্সপ্রেসওয়ে, টানেল ইত্যাদি নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করা। ঢাকার বনানীস্থ সেতু ভবনে এর কার্যালয় অবস্থিত। সেতু বিভাগের অনুমোদিত জনবলের সংখ্যা ৫২। সেতু বিভাগের অধীনস্থ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান।

### ২.১। রূপকল্প (Vision):

দেশব্যাপী নিরবিচ্ছিন্ন পরিবহন (ট্রান্সপোর্টেশন) নেটওয়ার্ক।

### ২.২। অভিলক্ষ্য (Mission):

১৫০০ মিটার ও তদূর্ধ্ব দৈর্ঘ্যের সেতু, টানেল, ফ্লাইওভার, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, কজওয়ে, রিংরোড ইত্যাদি নির্মাণ ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে নিরবিচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণ ও এর দক্ষতা বৃদ্ধি করা।

### ২.৩। কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. সমন্বিত ও নিরবিচ্ছিন্ন পরিবহন (ট্রান্সপোর্টেশন) ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করা।
২. পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি করা।
৩. বড় বড় শহরের যানজট হ্রাসকরণে সহায়তা করা।

### ২.৪। বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী :

১. ১৫০০ মিটার বা তদূর্ধ্ব দৈর্ঘ্যের সেতু, ফ্লাইওভার, টানেল, এক্সপ্রেসওয়ে, কজওয়ে, লিংক রোড ইত্যাদি নির্মাণের পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন, মনিটরিং এবং মূল্যায়ন;
২. বৃহৎ সেতু ও অন্যান্য অবকাঠামো পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ;
৩. বৃহৎ সেতু, টানেল ইত্যাদি ব্যবহারকারী যানবাহনসমূহের টোল নির্ধারণ;
৪. বৃহৎ সেতু এবং অন্যান্য অবকাঠামোর নিয়ন্ত্রণাধীন এলাকার নিরাপত্তা বিধান।

### ২.৫। সেতু বিভাগের জনবল:

| অনুমোদিত পদের সংখ্যা | | | পদায়নকৃত পদের সংখ্যা | | |
|---|---|---|---|---|---|
| মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী |
| ৫২ | ২৭ | ২৫ | ২০ | ১৭ | ০৩ |

### ২.৬। অধীনস্থ দপ্তর/সংস্থা:

- বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।

১৯৮৫ সালে সৃষ্ট যমুনা বহুমুখী সেতু কর্তৃপক্ষের কার্যপরিধি বৃদ্ধি এবং পুনর্গঠন করে ২০০৯ সালের ৫৬ নং আইন দ্বারা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ গঠন করা হয়। সেতু বিভাগের সচিব পদাধিকারবলে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালকের দায়িত্ব পালন করেন। ২০১৬ সালের ১ আগস্ট "বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ আইন, ২০১৬" জারি করা হয়।

### ২.৭। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের প্রধান কার্যাবলী:

১৫০০ মিটার ও তদূর্ধ্ব দৈর্ঘ্যের সেতু, টানেল ও এলিভেটেড এক্সপ্রেসওয়ে এবং এ সংশ্লিষ্ট ফ্লাইওভার, কজওয়ে, রিংরোড নির্মাণ ও নির্মাণোত্তর পরিচালনা ও রক্ষণাবেক্ষণ।

### ২.৮। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের জনবল:

| অনুমোদিত পদ | | | পূরণকৃত পদ | | | শূন্যপদ | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী |
| ২৩৪ | ৮৮ | ১৪৬ | ১৭৫ | ৭৭ | ৯৮ | ৫৯ | ১১ | ৪৮ |


### ২.৯। নিয়োগ ও পদোন্নতি:

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ৭ | ৩ | ১০ | ১৪ | - | ১৮ | |

## ৩। বাস্তবায়িত উল্লেখযোগ্য প্রকল্পসমূহ ঃ

### ৩.১। বঙ্গবন্ধু সেতু:


যমুনা নদী দ্বারা বিভক্ত দেশের দু'টি অঞ্চলকে সংযুক্ত করে আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে ১৯৯৮ সালের জুন মাসে ৪.৮ কিলোমিটার দীর্ঘ বঙ্গবন্ধু সেতু নির্মাণ কাজ সমাপ্ত হয়। এ সেতু নির্মাণে বৈদেশিক ঋণ ২৫৪৫.৬০ কোটি টাকাসহ মোট ব্যয় হয়েছে ৩৭৪৫.৬০ কোটি টাকা।



বঙ্গবন্ধু সেতু

৩.১.২। বঙ্গবন্ধু সেতুতে সড়ক ও রেল পথের সুবিধা ছাড়াও বিদ্যুৎ, গ্যাস এবং অপটিক্যাল ফাইবার টেলিফোন লাইন স্থাপন করা হয়েছে। এ সেতু নির্মাণের ফলে যাতায়াত ব্যবস্থা যেমন সহজতর হয়েছে তেমনি উত্তরাঞ্চলে কৃষি পণ্যাদি উৎপাদনের পরিমাণও উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে এবং কৃষক তার পণ্যের ন্যায্য মূল্য পাচ্ছে। কৃষি উৎপাদন বৃদ্ধির পাশাপাশি উত্তরাঞ্চলে অনেক শিল্প প্রতিষ্ঠানও গড়ে উঠেছে। সেতুটি চালু হওয়ার পর হতেই এর উপর দিয়ে পূর্বাভাসের চেয়ে অধিক সংখ্যক মটরযান পারাপার হচ্ছে। যার ফলে এশীয় উন্নয়ন ব্যাংক কর্তৃক ২০০৩ সালে পরিচালিত জরিপ অনুযায়ী প্রকল্পের অর্থনৈতিক রেট অব রিটার্ন (ইআরআর) দাঁড়িয়েছে ১৮.২%, যা স্টাফ এপ্রাইজাল রিপোর্টে ছিল ১৪.৫%। অর্থনৈতিক উন্নয়নে এ সেতু গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

### ৩.২। ঢাকা-মুন্সীগঞ্জ সড়কে ধলেশ্বরী নদীর উপর মুক্তারপুর (৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী) সেতু:



মুক্তারপুর সেতু

ঢাকা ও মুন্সীগঞ্জ জেলার মধ্যে সরাসরি যাতায়াত ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে ঢাকা-মুন্সীগঞ্জ সড়কে ধলেশ্বরী নদীর ওপর ১৫২১ মিটার দীর্ঘ মুক্তারপুর (৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী) সেতুর নির্মাণ কাজ জুলাই ২০০৫ সালে শুরু হয়ে নির্মাণ কাজ সম্পন্ন করে ১৮ ফেব্রুয়ারি ২০০৮ হতে যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হয়। এতে মোট ব্যয় হয়েছে ১৯৭.৩৬ কোটি টাকা। তন্মধ্যে চীন সরকারের অর্থায়নের পরিমাণ ১২১.৮৭ কোটি টাকা। এ সেতু নির্মিত হওয়ায় মুন্সীগঞ্জ ও তার আশেপাশের অঞ্চলগুলো হতে ঢাকা মহানগরীতে শাক-সবজি ও ফলমূলসহ অন্যান্য কৃষিপণ্য সহজেই পরিবহন করা সম্ভব হচ্ছে।

### ৪। সেতু বিভাগের মধ্যমেয়াদি বাজেটঃ

(লক্ষ টাকায়)

| বিবরণ | বাজেট ২০১৮-১৯ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | | ২০১৯-২০ | ২০২০-২১ |
| অনুন্নয়ন | ১৮৪.৬০ | ২৫১.০০ | ৬৯১.৫২ |
| উন্নয়ন | ৬৩৪৩৭৯.০০ | ৮৫৮০৫২.০০ | ৯৪১৯৮৮.০০ |
| মোট | ৬৩৪৫৬৩.৬০ | ৮৫৮৩০৩.০০ | ৯৪২৬৭৯.০০ |

## ৫। ২০১৮-১৯ অর্থবছরে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের রাজস্ব আয় এবং ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

| অর্থবছর | সর্বমোট আয় | সর্বমোট ব্যয় | উদ্বৃত্ত/(-ঘাটতি) |
|---|---|---|---|
| ২০১৮-১৯ | ৭৪৮৪৩.৮৫ | ৩৪০৮০.২৫ | ৪০৭৬৩.৬০ |

## ৬। ২০১৮-১৯ অর্থবছরের এডিপি বাস্তবায়ন অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম | ২০১৮-২০১৯ অর্থবছরের সংশোধিত এডিপি বরাদ্দ | | | জুন ২০১৯ পর্যন্ত অগ্রগতি | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | প্রকল্প সাহায্য (আরপিএ) | মোট | জিওবি | প্রকল্প সাহায্য (আরপিএ) |
| ১। | পদ্মা বহুমুখী সেতু নির্মাণ (২য় সংশোধিত | ২৬৫৬০০.০০ | ২৬৫৬০০.০০ | - | ২৬২৮২৯.২২ | ২৬২৮২৯.২২ | - |
| ২। | সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রজেক্ট | ১১০১০৮.০০ | ১১০১০৮.০০ | - | ১১০০৩৩.০০ | ১১০০৩৩.০০ | - |
| ৩। | কর্ণফুলী নদীর তলদেশে বহুলেন সড়ক টানেল নির্মাণ | ২১৭৭৯২.০০ | ৭৪০৯২.০০ | ১৪৩৭০০.০০ | ২০৬৩৪২.৯৮ | ৭০৩৮২.৫৯ | ১৩৫৯৬০.৩৯ |
| ৪। | ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ | ৩০৫৭৮.০০ | ৩০৫৭৩.০০ | ৫.০০ | ৩০৫২৬.১৩ | ৩০৫২৬.১৩ | - |
| ৫। | ঢাকা শহরে সাবওয়ে নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা | ১০৩০১.০০ | ১০৩০১.০০ | - | ১০১৪১.৪৬ | ১০১৪১.৪৬ | - |
| | মোট | ৬৩৪৩৭৯.০০ | ৪৯০৬৭৪.০০ | ১৪৩৭০৫.০০ | ৬১৯৮৭২.৭৯ (৯৭.৭১%) | ৪৮৩৯১২.৪০ (৯৮.৬২%) | ১৩৫৯৬০.৩৯ (৯৪.৬১%) |

## ৬.২। সংস্থার নিজস্ব অর্থায়নের প্রকল্পসমূহ:

(লক্ষ টাকায়)

| ক্র. | সংস্থার নাম | এডিপি-তে অন্তর্ভুক্ত প্রকল্পের সংখ্যা | ২০১৮-১৯ অর্থ বছরের এডিপি-তে মোট বরাদ্দ | জুন ২০১৯ পর্যন্ত মোট ব্যয় (মোট বরাদ্দের % অংশ) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ২ | ৩৪৫০.০০ | ১১৫১.৭৯ (৩৩.৩৮%) |

## ৬.৩। সেতু বিভাগের অনুন্নয়ন বাজেটের অগ্রগতি:


(লক্ষ টাকায়)

| অর্থবছর | বরাদ্দ | ব্যয় (মোট বরাদ্দের %) |
|---|---|---|
| ২০১৮-১৯ | ১৮৪.৬০ | ১২০.৮৩<br>(৬৫.৪৯%) |

## ৭। চলমান উল্লেখযোগ্য প্রকল্পসমূহঃ

### ৭.১.১। পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্প:

বাংলাদেশের সর্ববৃহৎ সড়ক অবকাঠামোমূলক প্রকল্প পদ্মা সেতু প্রকল্প বাস্তবায়নের অংশ হিসেবে ১৯৯৯ সালে সম্পাদিত প্রাক-সম্ভাব্যতা সমীক্ষা অনুযায়ী মাওয়া-জাজিরা অবস্থানে পদ্মা সেতু নির্মাণ কারিগরি ও অর্থনৈতিক দিক থেকে গ্রহণযোগ্য বিবেচিত হয়। এ প্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী ২০০১ সালের ৪ জুলাই মাওয়া অবস্থানে পদ্মা সেতুর ভিত্তি প্রস্তর স্থাপন করেন। পরবর্তীতে ২০০৩-২০০৫ সময়ে সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study) পরিচালনা করা হয়। গত ১১/০১/২০১১ তারিখের একনেক সভায় অনুমোদিত ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের ব্যয় দাঁড়ায় ২০,৫০৭.২০ কোটি টাকা। সর্বশেষ গত ০৫/০১/২০১৬ তারিখের একনেক সভায় ২৮৭৯৩৩৮.৭৬ কোটি টাকা ব্যয়ে প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়। পরবর্তীতে গত ২১/০৬/২০১৮ তারিখের একনেক সভায় অতিরিক্ত ১১৬২.৬৭ হেক্টর ভূমি অধিগ্রহণ বাবদ অতিরিক্ত ১৪০০ কোটি টাকা অনুমোদিত হওয়ায় প্রকল্প ব্যয় দাঁড়িয়েছে ৩০১৯৩৩৮.৭৬ লক্ষ টাকা।




পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের উপাঙ্গসমূহ

**৭.১.২। জুন ২০১৯ পর্যন্ত পদ্মা সেতু প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৭১.০০ শতাংশ। এর মধ্যে উল্লেখযোগ্য প্যাকেজ/কাজের অগ্রগতি নিম্নরূপ:**

| ক্রমিক নং | প্যাকেজ/কাজের বিবরণ | কাজ শুরু | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১. | মুল সেতু নির্মাণ | নভেম্বর ২০১৪ | • চুক্তিমূল্য ১২১৩৩.৩৯ কোটি টাকা এবং পরিশোধিত ৮৫৩২.৫৫ কোটি টাকা।<br>• মূল সেতুর ২৯৪টি পাইলের মধ্যে ২৯৪ টি পাইলের সম্পূর্ণ অংশের ড্রাইভ সম্পন্ন।<br>• ৪১টি স্প্যানের মধ্যে ২৭টি স্প্যান ফেব্রিকেশন সম্পন্ন এবং ০৭টি চলমান।<br>• ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৮১% |
| ২. | নদীশাসন কাজ | ডিসেম্বর ২০১৪ | • চুক্তিমূল্য ৮৭০৭.৮১ কোটি টাকা এবং পরিশোধিত ৪,১৩৩.৯৪ কোটি টাকা।<br>• মোট ৯৩,৮৩,৬০২ টি কংক্রিট ব্লকের মধ্যে ৪৮,৪৫,০৭৫ টির কাস্টিং সম্পন্ন ।<br>• মোট ১,৫৫,৭৬,৫৯৮টি জিও ব্যাগের মধ্যে ৬১,৪১,৬৮২ টির ডাম্পিং সম্পন্ন।<br>• মাওয়া প্রান্তে Chainage -৫০০ মিঃ থেকে +৯০০মিঃ পর্যন্ত downstream lunching apron ও slope এ যথাক্রমে ৮০০kg ও ১২৫kg জিও ব্যাগ ডাম্পিং সম্পন্ন।<br>• জাজিরা প্রান্তে Chainage ০-৯৮০ মিঃ থেকে ০-৪৩০ মিঃ পর্যন্ত ৫৫০মিঃ এ সকল প্রকার Permanent work সম্পন্ন।<br>• Chainage ১+০০০মিঃ থেকে ৮+০০০মিঃ পর্যন্ত স্থানে dredging work, cc block dumping & placement embankment এর কাজ সম্পন্ন হয়েছে (offtake area ব্যাতীত)।<br>• ভৌত অগ্রগতি ৫৯.০০% |
| ৩. | জাজিরা সংযোগ সড়ক ও ব্রীজ এন্ড ফ্যাসিলিটিস | অক্টোবর ২০১৩ | • চুক্তিমূল্য ১৩১৮.৯৯ কোটি টাকা এবং পরিশোধিত ১২৮২.৮৮ কোটি টাকা।<br>• ভৌত অগ্রগতি ১০০% |
| ৪. | মাওয়া সংযোগ সড়ক ও ব্রীজ এন্ড ফ্যাসিলিটিস | জানুয়ারি ২০১৪ | • চুক্তিমূল্য ১৯৩.৪০ কোটি টাকা এবং পরিশোধিত ১৯১.৯৫ কোটি টাকা।<br>• ভৌত অগ্রগতি ১০০% |
| ৫. | সার্ভিস এরিয়া - ২ নির্মাণ | জানুয়ারি ২০১৪ | • চুক্তিমূল্য ২০৮.৭১ কোটি টাকা এবং পরিশোধিত ১৯৮.৮৬ কোটি টাকা।<br>• ভৌত অগ্রগতি ১০০% |
| ৬. | নির্মাণ কাজ তদারকি (CSC-1) | অক্টোবর ২০১৩ | • চুক্তিমূল্য ১৩৩৪.৮৮ কোটি টাকা এবং পরিশোধিত ৮৯.১৭ কোটি টাকা।<br>• ভৌত অগ্রগতি ১০০% |
| ৭. | মূল সেতু এবং নদীশাসন কাজের নির্মাণ কাজ তদারকি (CSC-2) | নভেম্বর ২০১৪ | • চুক্তিমূল্য ৩৮৩.১৫ কোটি টাকা এবং পরিশোধিত ৪২৯.৭৮ কোটি টাকা।<br>• ভৌত অগ্রগতি ৮২% |
| ৮. | Engineering Support and Safety Team (ESST) | অক্টোবর ২০১৩ | • চুক্তিমূল্য ৭২.১৩ কোটি টাকা এবং পরিশোধিত ৬২.৫০ কোটি টাকা।<br>• ভৌত অগ্রগতি ৭১% |

| ক্রমিক নং | প্যাকেজ/কাজের বিবরণ | কাজ শুরু | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ৯. | ভূমি অধিগ্রহণ | | • সর্বমোট ভূমির পরিমাণ ২৫৪১.৭৯ হেক্টর, এর মধ্যে দখল বুঝে নেওয়া ভূমি ১৪৫৩.০৫ হেক্টর। |
| ১০. | পুনর্বাসন কার্যক্রম | জুন ২০০৯ | • জুন ২০১৯ পর্যন্ত ৬৪৫.৫৯ কোটি টাকা অতিরিক্ত সহায়তা বাবদ ক্ষতিগ্রস্তদের মধ্যে পরিশোধ করা হয়েছে।<br>• জুন ২০১৯ পর্যন্ত 'প্রকল্প পর্যায় বরাদ্দ কমিটি' কর্তৃক ক্ষতিগ্রস্ত ব্যক্তিবর্গের মাঝে ২৭৫২ টি প্লট হস্তান্তর করা হয়েছে। এদের মধ্যে ৭৩৯ টি ভূমিহীন (ক্ষতিগ্রস্ত) পরিবারকে বিনামূল্যে প্রদান করা হয়েছে। এছাড়াও ৮৩৯ জন ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে ভিটা উন্নয়ন সহায়তা প্রদান করা হয়েছে। |
| ১১. | পরিবেশ কার্যক্রম | জুন ২০০৯ | • পুনর্বাসন এলাকা এবং সার্ভিস এরিয়ায় জুন ২০১৯ পর্যন্ত ১,৬৯,৯৫৭ টি গাছ লাগানো হয়েছে।<br>• পদ্মা সেতু প্রকল্প এলাকায় একটি যাদুঘর স্থাপনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে ।<br>• জুন ২০১৯ পর্যন্ত ২০২৩ টি নমুনা সংগ্রহপূর্বক সংরক্ষণ করা হয়েছে। |

৭.১.২। পদ্মা সেতু নির্মিত হলে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ১৯টি জেলা রাজধানী ঢাকা ও পূর্বাঞ্চলের সঙ্গে সংযুক্ত হবে। নির্মীয়মান পদ্মা সেতু প্রস্তাবিত এশিয়ান হাইওয়ে AH-1 এ অবস্থিত হওয়ায় এ সেতু বাস্তবায়িত হলে বাংলাদেশের অভ্যন্তরীণ যাতায়াত ব্যবস্থাসহ দক্ষিণ এশীয় অঞ্চলে অবস্থিত দেশগুলোর মধ্যে যাতায়াত ব্যবস্থায় বৈপ্লবিক পরিবর্তনের সূচনা হবে। এ সেতু বাস্তবায়িত হলে জাতীয় জিডিপি প্রবৃদ্ধির হার ১.২% বৃদ্ধি এবং প্রতি বছর ০.৮৪% হারে দারিদ্র্য নিরসনের মাধ্যমে দেশের আর্থ সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।




পদ্মা সেতুর চলমান স্প্যান স্থাপন কার্যক্রম



মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং সিনিয়র সচিব, সেতু বিভাগ এর প্রকল্প এলাকা পরিদর্শন

## চিত্রের মাধ্যমে পদ্মা সেতুর চলমান কার্যক্রম



File Driving



Road slab Erection

## চিত্রের মাধ্যমে পদ্মা সেতুর চলমান কার্যক্রম




Viaduct



Span erection



Road Slab



Overall activities of Pier and Pile Cap



Truss Assembling



CC Block Production
River Training Works Activities



Service Area-1



Janjira Approach Road
Tree plantation at Approach Road



Service Area-2



School at Resettlement Area



Toll Plaza



Mosque at Resettlement Area

## ৭.২। সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রজেক্ট:

ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণে ভূমি অধিগ্রহণ, ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন এবং ইউটিলিটিজ স্থানান্তরের ব্যয় নির্বাহে বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে ৩২১৬ কোটি ৮৭ লক্ষ টাকা ব্যয়ে লিংক প্রকল্প হিসেবে "সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রজেক্ট" শীর্ষক প্রকল্পটি ১৮ অক্টোবর ২০১১ তারিখের একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে ৪৮৬৯ কোটি ০৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে সংশোধিত ডিপিপি ২০/০৬/২০১৭ তারিখের একনেক সভায় অনুমোদিত হয়। এ প্রকল্পের আওতায় উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ হলো ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের ভূমি অধিগ্রহণ, ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন, ইউটিলিটিজ স্থানান্তর এবং পরামর্শক সেবা। প্রকল্পটির মেয়াদকাল ডিসেম্বর ২০২০ পর্যন্ত। প্রকল্পের মূল এলাইনমেন্ট বরাবর ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। তাছাড়া ভবন অপসারণ ও পুনর্বাসন ভিলেজ নির্মাণ কাজ চলমান রয়েছে।

## ৭.৩। গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (এলিভেটেড অংশ):

গাজীপুর হতে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর পর্যন্ত মোট ২০ কিলোমিটার Bus Rapid Transit বা BRT লেনের মধ্যে সেতু বিভাগ কর্তৃক উত্তরা হাউজ বিল্ডিং হতে টঙ্গী চেরাগ আলী মার্কেট পর্যন্ত ৪.৫ কিলোমিটার এলিভেটেড অংশ নির্মাণে বিস্তারিত নকশা এবং ক্রয় কার্যক্রম চূড়ান্ত করা হয়েছে। এলিভেটেড অংশের ৩.৫ কিলোমিটার হবে ৬ লেনের এবং ১ কিলোমিটার হবে ৪ লেনের। তাছাড়া এতে থাকবে ৬টি এলিভেটেড স্টেশন এবং ১০ লেনের টঙ্গী সেতু।



প্রস্তাবিত বাস রেপিড ট্রানজিট



পাইলিং ওয়ার্ক



পাইলিং ওয়ার্ক



আইগার্ডার ইরেকশন

৭.৩.২। বিআরটি এলিভেটেড অংশের নির্মাণ কাজ চলমান রয়েছে। জুন ২০১৯ পর্যন্ত ১৫ টি Test Pile এর সবগুলোর Load Test সম্পন্ন হয়েছে। তাছাড়া ১৮৭১ টির মধ্যে ৩৫৩টি Service pile নির্মাণ সম্পন্ন হয়েছে। জুন ২০১৯ পর্যন্ত প্রকল্পের ভৌত অগ্রগতি ১৪.১৭%। প্রকল্পটি বাস্তবায়িত হলে ঘন্টায় উভয় দিক থেকে প্রায় ২৫০০০ যাত্রী চলাচল করতে পারবে। এটি ঢাকা শহরের যানজট নিরসনে অবদান রাখবে।


## ৭.৪। কর্নফুলী নদীর তলদেশে টানেল নির্মাণঃ


মাননীয় প্রধানমন্ত্রীর চীন সফরকালে ২০১৪ সালের জুন মাসে কর্ণফুলী নদীর তলদেশে টানেল নির্মাণে চীন সরকারের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। ৩.৪০ কিলোমিটার দীর্ঘ এ টানেল জি-টু-জি ভিত্তিতে নির্মাণে চীনা নির্মাণ প্রতিষ্ঠান China Communications Construction Company Ltd. (CCCC) এর সাথে ৩০ জুন ২০১৫ তারিখে বাণিজ্যিক চুক্তি স্বাক্ষরিত হয়। ৮৪৪৬ কোটি ৬৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি ২৪ নভেম্বর ২০১৫ তারিখের একনেক সভায় অনুমোদিত হয়।

৭.৪.২। টানেল নির্মাণে জুন ২০১৭ পর্যন্ত ৩১৩.১৪১১ একর জমি ঠিকাদারী প্রতিষ্ঠানকে হস্তান্তর করা হয়েছে। ঠিকাদারি প্রতিষ্ঠানের সাইট ক্যাম্প, আবাসন ও Batching Plant সহ অন্যান্য ফ্যাসিলিটি নির্মাণ সম্পন্ন হয়েছে। যন্ত্রপাতি ও মালামাল আমদানি এবং ওয়ার্কিং শাফট এর পাইলিং এর কাজ চলমান রয়েছে। চীনের জিয়াংসু প্রদেশের জেংজিয়ান শহরে টানেল সেগমেন্ট কাস্টিং প্লান্টে সেগমেন্ট নির্মাণের কাজ চলমান আছে এবং জুন ২০১৯ পর্যন্ত ৯৭৮৭ টি সেগমেন্ট নির্মাণ সম্পন্ন হয়েছে। Tunnel Boring কাজ চলছে। প্রতিটি ২ মিটার দৈর্ঘ্যের ১০০টি Tunnel Ring বসানোর কাজ সম্পন্ন হয়েছে। জুন ২০১৯ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৪৫%।

৭.৪.৩। কর্ণফুলী টানেল নির্মিত হলে পূর্ব প্রান্তে প্রস্তাবিত ৫০০০ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্রের সাথে নিরবিচ্ছিন্ন সড়ক যোগাযোগ স্থাপিত হবে। পূর্ব প্রান্তে বিদ্যমান কোরিয়ান রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল ও প্রস্তাবিত চীনা বিশেষায়িত রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল এবং প্রস্তাবিত সরকারি শিল্প এলাকার সাথে সংযোগ স্থাপিত হবে। প্রস্তাবিত এলএনজি টার্মিনালের সাথে সংযোগ স্থাপিত হবে। কক্সবাজারের সাথে চট্টগ্রাম শহরের দূরত্ব প্রায় ৩০ কিলোমিটার কমবে। প্রস্তাবিত গভীর সমুদ্র বন্দরের সাথে চট্টগ্রাম ও ঢাকার সরাসরি যোগাযোগ স্থাপিত হবে। লক্ষ লক্ষ লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে এবং শ্রম ও সম্পদের গতিশীলতা বৃদ্ধি পাবে। ২০১৩ সালের সম্ভাব্যতা সমীক্ষা অনুযায়ী জাতীয় জিডিপি ০.১৬৬% বৃদ্ধিতে অবদান রাখবে।

### চিত্রের মাধ্যমে কর্ণফুলী টানেলের কার্যক্রমসমূহঃ


Aesthertic of Tunnel Cross Section


Schematic view of tunnel


কর্ণফুলী নদীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ট্যানেলের বোরিং কাজের উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা


কর্ণফুলী নদীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ট্যানেলের বোরিং কাজের উদ্বোধন অনুষ্ঠানে বোরিং মেশিন পরিদর্শন করছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



Senior Secretary of Bridges Division visited project site





Tunnel section




Senior Secretary of Bridges Division visited the Segment Factory In China



Tunnel segment



TBM Machine



Inside of tunnel

## ৭.৫। ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ:





হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর হতে আশুলিয়া হয়ে সাভার ইপিজেড পর্যন্ত ২৪ কিলোমিটার দীর্ঘ ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণে ১৬,৯০১.৩২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি ২৪/১০/২০১৭ তারিখের একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে এটি জি-টু-জি ভিত্তিতে নির্মাণের জন্য চীনা প্রতিষ্ঠান China National Machinery Import and Export Corporation (CMC) এর সাথে গত ২৯/১১/২০১৭ তারিখে বাণিজ্যিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বর্তমানে প্রকল্পের ভূমি অধিগ্রহণ পরিকল্পনা (LAP) & পুনর্বাসন কর্ম পরিকল্পনা (RAP) প্রণয়নের কাজ চলমান রয়েছে।

৭.৫.২। ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মিত হলে এশিয়ান হাইওয়ে নেটওয়ার্ক এবং প্রায় সকল জাতীয় মহাসড়কের সাথে (N1, N2, N3, N4, N5 and N8) যুক্ত হওয়ার পাশাপাশি ঢাকার সাথে ৩০টি জেলার সংযোগ স্থাপনকারী আবদুল্লাহপুর-আশুলিয়া-বাইপাইল-চন্দ্রা করিডোরে যানজট অনেকাংশে হ্রাস পাবে।

## ৭.৬। ঢাকা শহরে সাবওয়ে নির্মাণ:

জনাকীর্ণ ঢাকা শহরের অসহনীয় যানজট নিরসনে গণপরিবহন সুবিধাসম্পন্ন সাবওয়ে নির্মাণের পদক্ষেপ হিসেবে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনার জন্য ২২৪.৩১ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে পরামর্শক প্রতিষ্ঠান TYPSA নিয়োগ করতঃ সম্ভাব্যতা সমীক্ষা চলমান রয়েছে। ইতোমধ্যে সম্ভাব্যতা সমীক্ষাকারী প্রতিষ্ঠান কর্তৃক অন্তর্বর্তীকালীন রিপোর্টে সাবওয়ে নির্মাণের জন্য প্রাথমিকভাবে ০৩টি নেটওয়ার্ক চিহ্নিত করা হয়েছে। চুক্তি অনুযায়ী সম্ভাব্যতা সমীক্ষা ২০১৯-২০ অর্থবছরে সম্পন্ন হবে।



প্রস্তাবিত ঢাকা সাবওয়ের নেটওয়ার্ক এলাইনমেন্ট

## ৮। প্রক্রিয়াধীন উল্লেখযোগ্য প্রকল্পঃ

### ৮.১। ঢাকা ইস্ট-ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে:

ঢাকা-আরিচা মহাসড়কের বালিয়াপুর হতে নিমতলী-কেরানিগঞ্জ-ফতুল্লা-বন্দর হয়ে ঢাকা চট্টগ্রাম মহাসড়কের লাঙ্গলবন্দ পর্যন্ত ৩৯.২৪ কিলোমিটার দীর্ঘ এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে। এ প্রকল্পের আওতায় এলিভেটেড এক্সপ্রেসওয়ে ছাড়াও ২২.৬৮ কিলোমিটার দীর্ঘ র‍্যাম্প, ২.৩০ কিলোমিটার দীর্ঘ ৪টি ইন্টারচেঞ্জ এবং ১৬টি টোল প্লাজা নির্মাণ করা হবে। সম্ভাব্যতা সমীক্ষা অনুযায়ী এটি নির্মাণে ব্যয় হবে ১৬,৩৮৮.৫০ কোটি টাকা। ইতোমধ্যে প্রকল্পের পিডিপিপি অনুমোদিত হয়েছে। এটি জি টু জি ভিত্তিতে নির্মাণে মালয়েশিয়া সরকার প্রস্তাব দিয়েছে।




প্রস্তাবিত ঢাকা ইস্ট-ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে এলাইনমেন্ট

৮.১.২। প্রস্তাবিত প্রকল্পটি জাতীয় মহাসড়ক N5 (ঢাকা-আরিচা), N8 (ঢাকা-মাওয়া) এবং N1 (ঢাকা-চট্টগ্রাম) এর সাথে সংযুক্ত হবে। এটি বাস্তবায়িত হলে চট্টগ্রাম-সিলেটসহ পূর্বাঞ্চল ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জেলাসমূহের যানবাহনসমূহ ঢাকা শহরে প্রবেশ না করে উত্তর-পশ্চিমাঞ্চলের ২০ টি জেলায় সরাসরি চলাচল করতে পারেবে। এর ফলে ঢাকা ও এর পার্শ্ববর্তী এলাকার যানজট অনেকাংশে হ্রাস পাবে। এটি এশিয়ান হাইওয়ের সাথেও সংযুক্ত হবে। প্রস্তাবিত এলিভেটেড এক্সপ্রেসওয়েটি Strategic Transport Plan এ বর্ণিত Middle/Outer Ring Road এর সাথে সামঞ্জস্যপূর্ণ।

## ৮.২। অন্যান্য বৃহৎ সেতু নির্মাণ:

দেশের সড়ক যোগাযোগ নেটওয়ার্ক নিরবিচ্ছিন্ন করার লক্ষ্যে সেতু বিভাগের অধীনে আরও নতুন নতুন সেতু নির্মাণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এরই অংশ হিসেবে দক্ষিণাঞ্চলের সড়ক যোগাযোগ নেটওয়ার্ক উন্নয়নের লক্ষ্যে বরিশাল ও পটুয়াখালী জেলার "রহমতপুর-বাবুগঞ্জ-মুলাদি-হিজলা সড়কে আড়িয়াল খাঁ নদীর উপর", "লেবুখালী-দুমকী-বগা-দশমিনা-গলাচিপা-আমড়াগাছি সড়কে গলাচিপা নদীর উপর", "কচুয়া-বেতাগী-পটুয়াখালী-লোহালিয়া-কালিয়া সড়কে পায়রা নদীর উপর" সেতু নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করা হয়েছে। প্রস্তাবিত ৩টি সেতু নির্মাণে ১৯৪৪.২৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে পিডিপিপি নীতিগতভাবে অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের অর্থ সহায়তা চাওয়া হয়েছে। অর্থায়ন নিশ্চিত

৮.২.২। তাছাড়া ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর-নবীনগর-সড়কে মেঘনা নদীর উপর, পটুয়াখালী-আমতলী-বরগুনা-কাকচিরা সড়কে পায়রা নদীর উপর, বাকেরগঞ্জ-বাউফল সড়কে কারখানা নদীর উপর, বরিশাল ও ভোলার মধ্যবর্তী তেতুলিয়া ও কালাবদর নদীর উপর এবং বরগুনা-পাথরঘাটা সড়কে বিষখালী নদীর উপর সেতু নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা চলমান রয়েছে।


## ৯। পিপিপি প্রকল্প

### ৯.১। ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রজেক্ট:

ঢাকা শহরের যানজট সমস্যা সমাধানে শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর হতে ঢাকা চট্টগ্রাম মহাসড়কের কুতুবখালী পর্যন্ত ৮৯৪০.১৮ কোটি টাকা ব্যয়ে ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি ভিত্তিতে নির্মাণে বিনিয়োগকারী প্রতিষ্ঠান "Italian-Thai Development Public Company Limited" এর সাথে ১৫/১২/২০১৩ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। উল্লেখ্য ২০১৮-১৯ অর্থবছরে সেতু বিভাগের আওতায় নতুন কোন পিপিপি প্রকল্প গ্রহণ করা সম্ভব হয় নি। র‌্যাম্পসহ মোট ৪৬.৭৩ কিলোমিটার দীর্ঘ ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের নির্মাণ কাজ চলমান রয়েছে এবং জুন ২০১৯ পর্যন্ত ১ম ধাপের ১৩৩৩ টি ওয়ার্কিং পাইল ড্রাইভিং, ৩০২ টি Pile cap, ৮৬ টি Cross beam, ১৯০ টি কলাম (সম্পূর্ণ) ও ১৩১ টি কলাম (আংশিক) এবং ১৮৬টি আই গার্ডার কাস্টিং সম্পন্ন হয়েছে। তার মধ্যে ১৪৭টি আই গার্ডার স্থাপন সম্পন্ন হয়েছে।



আই গার্ডার ইরেকশন



আই গার্ডার ইরেকশন



মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রীর চলমান কাজ পরিদর্শন



সেতু বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের চলমান কাজ পরিদর্শন

৯.১.২। ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মিত হলে ঢাকা শহরে আরও প্রায় ৪৭ কিলোমিটার নতুন সড়ক সংযুক্ত হবে। এ শহরের গুরুত্বপূর্ণ বিভিন্ন এলাকা যেমন: বিমানবন্দর, কুড়িল, মহাখালী, তেজগাঁও, মানিকমিয়া এভিনিউ, পলাশী, সোনারগাঁও মোড়, অতিশ দীপংকর সড়ক, মতিঝিল ইত্যাদি স্থানের জনগণ এ এক্সপ্রেসওয়ে দিয়ে উঠা-নামা করতে পারবে এবং যানজটের কারণে বর্তমানে বহু সংখ্যক গাড়ীর যে জ্বালানী ও মানুষের কর্মঘন্টা নষ্ট হয় তা বহুলাংশে হ্রাস পাবে। এটি ঢাকা শহরের যানজট নিরসনে বিশাল ভূমিকা রাখবে।

## ১০। সেতু কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে চলমান উল্লেখযোগ্য কার্যক্রমসমূহঃ

### ১০.১। বঙ্গবন্ধু সেতু পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এবং টোল আদায়:

বঙ্গবন্ধু সেতুর পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও টোল আদায়ের প্রথম দায়িত্ব পালন করে দক্ষিণ আফ্রিকার JOMAC Ltd ২৩ জুন ১৯৯৮ হতে ৩১ মার্চ ২০০৪ তারিখ পর্যন্ত। ১ এপ্রিল ২০০৪ হতে ৩১ মে ২০০৯ পর্যন্ত Marga Net One Ltd দ্বিতীয় Operation and Maintenance (O&M) Operator হিসেবে সেতু পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করে। জুন ২০০৯ হতে অক্টোবর ২০১০ পর্যন্ত বাংলাদেশ সেনাবাহিনী সাময়িকভাবে এ সেতুর পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও টোল আদায়ের দায়িত্ব পালন করে। ডিসেম্বর ২০১৮ তারিখে বঙ্গবন্ধু সেতুর উভয় পার্শ্বে ৪র্থ ও ৫ম ওজন স্টেশন স্থাপনে ঠিকাদারকে কার্যাদেশ দেওয়া হয়েছে।

১০.১.২। "Metallurgical Construction Company Ltd.-SEL-UDC JV" এর মেয়াদ শেষ হওয়ার পর China Communications Construction Company Ltd. জুলাই ২০১৬ হতে সেতুর রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করছে। অন্যদিকে "Guangxi Scientific Institute of Communications (GSIC)" মেয়াদ শেষে ১৪ জুলাই ২০১৮ পর্যন্ত CNS Ltd. এর মাধ্যমে সরাসরি ক্রয় পদ্ধতিতে টোল আদায় কার্যক্রম পরিচালনা করা হয়। পরবর্তীতে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন না হওয়ায় সেতু কর্তৃপক্ষের তত্ত্বাবধানে এর মাধ্যমে সেতুর টোল আদায় কার্যক্রম চলমান রয়েছে।

### ১০.২। অন্যান্য কার্যক্রমসমূহ:

| ক্র. | কাজের নাম | জুন ২০১৯ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১ | বঙ্গবন্ধু সেতুর নদীশাসন কাজের রক্ষণাবেক্ষণের জন্য পাথর ক্রয় | বঙ্গবন্ধু সেতুর নদীশাসন কাজের রক্ষণাবেক্ষণের জন্য ঠিকাদার কর্তৃক মোট ২৩০০০ ঘনমিটার পাথর সরবরাহ করা হয়েছে। |
| ২ | বঙ্গবন্ধু সেতু এলাকার Detail Land Use Plan (Master Plan) প্রণয়ন | বঙ্গবন্ধু সেতু এলাকার Detail Land Use Plan (Master Plan) প্রণয়ন কার্যক্রম চলমান রয়েছে। |
| ৩ | সেতু ভবনের Vertical Extension | সেতু ভবনের Vertical Extension কাজটি চলমান রয়েছে। |
| ৪ | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের 'মানব সম্পদ উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি প্রকল্প' | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের 'মানব সম্পদ উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি প্রকল্প'র আওতায় সেতু কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। |

## ১০.৩। সেতুর টোল হার:

বঙ্গবন্ধু সেতু

| ক্রমিক নং | যানবাহনের বিবরণ | টোল হার |
|---|---|---|
| ১। | মোটর সাইকেল | ৪০.০০ |
| ২। | হাল্কা যানবাহন (কার, জীপ ইত্যাদি) | ৫০০.০০ |
| ৩। | ছোট বাস (২৯ আসন বা তার কম) | ৬৫০.০০ |
| ৪। | বড় বাস (৩০ আসন বা তার বেশী) | ৯০০.০০ |
| ৫। | ছোট ট্রাক (৫ টনের কম) | ৮৫০.০০ |
| ৬। | মাঝারি ট্রাক (৫ হতে ৮ টন) | ১১০০.০০ |
| ৭। | বড় ট্রাক (৮ টনের বেশী) | ১৪০০.০০ |

মুক্তারপুর (৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী) সেতু

| ক্রমিক নং | যানবাহনের বিবরণ | টোল হার |
|---|---|---|
| ১। | ভ্যান ( ৩ চাকা বিশিষ্ট)/মটর সাইকেল (যাত্রীসহ/খালী) | ১০.০০ |
| ২। | অটোরিক্সা/সিএনজি (৩ চাকা বিশিষ্ট) যাত্রী সহ/খালী | ২০.০০ |
| ৩। | কার/জীপ/মাইক্রো/টেম্পু/ পিক-আপ (৪ চাকা বিশিষ্ট) | ৪০.০০ |
| ৪। | ছোট বাস (২৯ আসন বা তার কম) | ১০০.০০ |
| ৫। | বড় বাস (৩০ আসন বা তার বেশী)/মাঝারি ট্রাক (৫টন হইতে ৮ টন) | ২০০.০০ |
| ৬। | ছোট ট্রাক (৫টনের কম) | ১৫০.০০ |
| ৭। | বড় ট্রাক (৮ টনের বেশী/ট্রেইলার /নির্মাণ যন্ত্রপাতি) | ৫০০.০০ |

## ১০.৪। বঙ্গবন্ধু সেতু হতে টোল আদায়:

| অর্থ বছর | যানবাহন সংখ্যা | টোল আদায় (কোটি টাকায়) |
|---|---|---|
| ১৯৯৭-১৯৯৮ (২৩ জুন, ১৯৯৮ হতে) | ২৭৬৫১ | ০.৯৯ |
| ১৯৯৮-১৯৯৯ | ৮৯২১৪৯ | ৬১.২৭ |
| ১৯৯৯-২০০০ | ৯৩০৬৫৯ | ৬৬.৯৪ |
| ২০০০-২০০১ | ১১১০০৭০ | ৮২.৮৪ |
| ২০০১-২০০২ | ১২২২৯১৯ | ৯৩.৫৮ |
| ২০০২-২০০৩ | ১৩৭৫০০৯ | ১০৮.৭২ |
| ২০০৩-২০০৪ | ১৬৩২২০৫ | ১৩১.০৮ |
| ২০০৪-২০০৫ | ১৮৭৬৩৬৩ | ১৫২.০০ |
| ২০০৫-২০০৬ | ১৯৮৭৯৮৪ | ১৫৭.৯৭ |
| ২০০৬-২০০৭ | ২১৭২৪৬৩ | ১৭৩.৭৬ |
| ২০০৭-২০০৮ | ২৫৩৯৪২১ | ২০১.৯৬ |
| ২০০৮-২০০৯ | ২৭৫১৮৪৯ | ২১৪.৪২ |
| ২০০৯-২০১০ | ৩১৫৭৩৭২ | ২৪২.৯৯ |
| ২০১০-২০১১ | ৩৫৬৪৭১৩ | ২৬৯.১০ |
| ২০১১-২০১২ | ৩৬৯৮৭৪৩ | ৩০৬.২৩ |
| ২০১২-২০১৩ | ৩৮৮৬৫৫৮ | ৩২৭.৯৮ |
| ২০১৩-২০১৪ | ৩৯২৬৯৯০ | ৩২৫.৩৮ |
| ২০১৪-২০১৫ | ৪২০৭০৭৫ | ৩৫১.১৪ |
| ২০১৫-২০১৬ | ৪৮০৭৯১৫ | ৪০৪.৮৮ |
| ২০১৬-২০১৭ | ৫৩৮৩১১৯ | ৪৮৬.৫২ |
| ২০১৭-২০১৮ | ৫৫৩২৫৩৬ | ৫৪৩.৮০ |
| ২০১৮-২০১৯ | ৫৯০১৮৯২ | ৫৭৫.৪০ |

**১১। ২০১৮-১৯ অর্থবছরের অডিট আপত্তি সংক্রান্ত তথ্যঃ**

| মন্ত্রণালয়/সংস্থার নাম | অডিট আপত্তি | | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|
| | সংখ্যা | টাকার পরিমাণ | | সংখ্যা | টাকার পরিমাণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সেতু বিভাগ/ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ৪২৯টি | ৬৫৪১.৩৮ | ১৬টি | ১৮টি | ১৫০.৫৮ |
| সর্বমোট = | ৪২৯টি | ৬৫৪১.৩৮ | ১৬টি | ১৮টি | ১৫০.৫৮ |

**১২। দেশের অভ্যন্তরে আয়োজিত প্রশিক্ষণে সেতু বিভাগের কর্মকর্তাদের অংশগ্রহণঃ**

সেতু বিভাগ এবং এর অধীনস্থ সংস্থা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ-এর জনবলের জন্য বিভিন্ন প্রশিক্ষণ ইনস্টিটিউট-এ প্রশিক্ষণের আয়োজন করা হয়, যা নিম্নরূপ:

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | বিভাগ এবং এর আওতাধীন সংস্থা হতে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১৪ | ৩৩ |

**১৩। তথ্য প্রযুক্তির উন্নয়নঃ**

তথ্য প্রযুক্তির উন্নয়নে সেতু বিভাগ বিশেষ গুরুত্ব দিয়েছে। তৎপ্রেক্ষিতে এ বিভাগের আওতাধীন বঙ্গবন্ধু সেতু এবং মুক্তারপুর সেতুতে আধুনিক প্রযুক্তিগত সুবিধাসহ Automatic vehicle classification বা AVC পদ্ধতি চালু আছে। তাছাড়া টোল আদায় কার্যক্রমে অন লাইন মনিটরিং ব্যবস্থা এবং সেতু দিয়ে চলাচলকারী যানবাহনসমূহের ওজন নিয়ন্ত্রণে স্বয়ংক্রিয় ওজন স্টেশন চালু আছে। টেন্ডার প্রক্রিয়ায় নানা ধরনের প্রতিবন্ধকতা দূর করার জন্য সেতু বিভাগ অধীনস্থ সংস্থা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষে ই-টেন্ডার পদ্ধতি চালু আছে। অন্যদিকে তথ্যাদি সংগ্রহেও ডিজিটাল পদ্ধতি চালুর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সেতু বিভাগ ইতোমধ্যে অত্যন্ত সহজবোধ্যভাবে Online Grievance Redress System (GRS) পদ্ধতি প্রবর্তন করেছে। এর ফলে যে কেউ পৃথিবীর যে কোন প্রান্ত থেকে অনলাইনে অভিযোগ দায়ের করতে পারবে।

২০১৮-১৯ অর্থবছরের ই-সেবা হিসেবে ডিজিটাল হাজিরা চালু করা হয়েছে। ক্ষুদ্র উন্নয়ন প্রকল্পের আওতায় দর্শনার্থীদের সুবিধার্থে সেতু ভবনের ফ্রন্ট ডেস্কে কর্মকর্তাদের নির্দেশিকা সম্বলিত ডিজিটাল বোর্ড স্থাপন করা হয়েছে। এছাড়া সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণে KIOSK পদ্ধতি চালু করা হয়েছে। ইতোমধ্যে সেতু বিভাগের জনবল নিয়োগে ই-রিক্রুটমেন্ট পদ্ধতিতে প্রবেশপত্র ইস্যু করা হয়েছে।

**১৪। ২০১৮-২০১৯ অর্থবছরে সেতু বিভাগের উল্লেখযোগ্য অর্জন:**

- পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের কাজ চলমান আছে এবং জুন ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৭১%;
- পদ্মা সেতু প্রকল্পের ৫টি গুরুত্বপূর্ণ প্যাকেজের মধ্যে জাজিরা সংযোগ সড়ক, মাওয়া সংযোগ সড়ক ও সার্ভিস এরিয়া-২ এর নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে;
- ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং জুন ২০১৯ পর্যন্ত ১ম ধাপের ১৩৩৩ টি ওয়ার্কিং পাইল ড্রাইভিং, ৩০২ টি Pile cap, ৮৬ টি Cross beam, ১৯০ টি কলাম (সম্পূর্ণ) ও ১৩১ টি কলাম (আংশিক) এবং ১৮৬টি আই গার্ডার কাস্টিং সম্পন্ন হয়েছে। তার মধ্যে ১৪৭টি আই গার্ডার স্থাপন সম্পন্ন হয়েছে;

- কর্ণফুলী টানেল প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং জুন ২০১৯ পর্যন্ত প্রকল্পের ৪৫% কাজ সম্পন্ন হয়েছে;
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে আশুলিয়া হয়ে সাভার ইপিজেড পর্যন্ত প্রায় ২৪ কিলোমিটার দীর্ঘ ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণে প্রকল্পটির LAP & RAP প্রণয়নের কাজ চলছে। প্রকল্পের Design review and construction supervision consultant হিসেবে "TYPSA" পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।
- ঢাকা শহরে সাবওয়ে (আন্ডারগ্রাউন্ড মেট্রো) নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা চলমান রয়েছে;
- দেশের বিভিন্ন স্থানে বৃহৎ সেতু যথা; ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর-নবীনগর-সড়কে মেঘনা নদীর উপর, পটুয়াখালী-আমতলী-বরগুনা-কাকচিরা সড়কে পায়রা নদীর উপর, বাকেরগঞ্জ-বাউফল সড়কে কারখানা নদীর উপর বরিশাল ও ভোলার মধ্যবর্তী তেতুলিয়া ও কালাবদর নদীর উপর সম্ভাব্যতা সমীক্ষার খসড়া চূড়ান্ত প্রতিবেদন সম্পন্ন হয়েছে এবং বরগুনা-পাথরঘাটা সড়কে বিষখালী নদীর উপর সেতু নির্মাণের সম্ভাব্যতা সমীক্ষা চূড়ান্ত পর্যায়ে রয়েছে।
- যমুনা নদীর তলদেশে টানেল নির্মাণে বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনার জন্য পিডিপিপি অনুমোদিত হয়েছে এবং বৈদেশিক অর্থ সংগ্রহের প্রচেষ্টা অব্যাহত আছে।
- মন্ত্রিপরিষদ বিভাগ এবং সেতু বিভাগের মধ্যে Annual Performance Agreement (APA) স্বাক্ষরিত হয়েছে;
- ২০১৮-১৯ অর্থবছরে আইএমইডি হতে প্রাপ্ত বিভিন্ন প্রকল্প পরিদর্শনের সুপারিশ/পর্যবেক্ষণের প্রেক্ষিতে শতভাগ জবাব প্রেরণ;
- সেতু বিভাগের আওতাধীন ২টি সেতু হতে টোল বাবদ ৫৯১.৩৮ কোটি টাকা আয় হয়েছে, যা পূর্ববর্তী বছরের তুলনায় ৫.৮৭% বেশী;
- প্রতিবেদনাধীন বছরে সেতু বিভাগ অধীনস্থ সংস্থার ১৫০.৫৮ কোটি টাকার অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে;

## ১৫। ২০১৮-১৯ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন:

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্ম সম্পাদনের সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | পরিমাপের মান | | | | | অর্জন | সাফল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | খসড়া | ওয়েটেড স্কোর |
| সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন (ট্রান্সপোর্টেশন) ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করা; | পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে ক্ষতিগ্রস্থদের পুনর্বাসন (মোট পরিবার ২৭৪৪) | পুনর্বাসন প্লট বরাদ্দকৃত পরিবার (ক্রমপুঞ্জিভূত) | সংখ্যা | ৬.০০ | ২৭৪৪ | ২৭১৪ | ২৬৮৪ | ২৬৫৪ | ২৬২৪ | ২৭৫২ | ১০০.০০ | ৬ |
| | মুল সেতু নির্মাণ | সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ৬.০০ | ৮৫ | ৫৩ | ৫১ | ৭৯ | ৭৭ | ৮১ | ৮০ | ৪.৮ |
| | নদীশাসন কাজ | সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ৬.০০ | ৬৫ | ৬২ | ৫৯ | ৫৬ | ৫৩ | ৫৯ | ৮০ | ৪.৮ |
| | পরিবেশ সংরক্ষণের জন্য বনায়ন (ক্রমপুঞ্জিভূত) | সম্পাদিত বনায়ন কাজ | সংখ্যা | ৬.০০ | ১,৬০,০০০ | ১,৫৯,০০০ | ১,৫৯,০০০ | ১,৫৮,০০০ | ১,৫৮,০০০ | ১,৬৯,৯৫৭ | ১০০.০০ | ৬ |
| | বঙ্গবন্ধু সেতুর রক্ষণাবেক্ষণ ও টোল আদায় কার্যক্রম | বঙ্গবন্ধু সেতুর নদীশাসন কাজের পাথর ক্রয় | % | ২.০০ | ৬০ | ৫৮ | ৫৫ | ৫২ | ৫০ | ৫০ | ৬০.০০ | ২ |
| | | বঙ্গবন্ধু সেতুর উভয় পার্শ্বে ৪র্থ ও ৫ম ওজন স্টেশন স্থাপনের ঠিকাদার নিয়োজিত | তারিখ | ২.০০ | ৩১.১২ ২০১৮ | ১৫.০১ ২০১৯ | ৩১.০১. ২০১৯ | ১৪.০২. ২০১৯ | ২৮.০২. ২০১৯ | ১০.১২. ২০১৮ | ১০০.০০ | ২ |
| | | বঙ্গবন্ধু সেতুর উভয় পার্শ্বে ৪র্থ ও ৫ম ওজন স্টেশন স্থাপনের সম্পাদিত ভৌত কাজ | % | ২.০০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | ৮০ | ১০০.০০ | ২ |

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্ম সম্পাদনের সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | পরিমাপের মান: অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | অর্জন | সাফল্য: খসড়া | ওয়েটেড স্কোর |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বড় বড় শহরের যানজট হ্রাসকরণে সহায়তা করা; | সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্পের পুনর্বাসন কার্যক্রম | পুর্নবাসন ভিলেজ নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ৫.০০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫০ | ১০০.০০ | ৫ |
| | | প্রকল্প হতে ক্ষতিগ্রস্থদের (নন টাইটেল) ক্ষতিপূরণ প্রদানকৃত (ক্রমপুঞ্জিভূত) | % | ৫.০০ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৬০.৫৯ | ১০০.০০ | ৫ |
| | ২য় ও ৩য় ট্রাঞ্চের ইউটিলিটি স্থানান্তর ও ভবন অপসারণ | ভবন ও অবকাঠামো অপসারণ (ক্রমপুঞ্জিভূত) | % | ৫ | ৯৮ | ৩৭.৫ | ৯৭ | ৯৬.৫ | ৯৫ | ৯৮ | ১০০.০০ | ৫ |
| | | ২য় ও ৩য় ট্রাঞ্চের ইউটিলিটি স্থানান্তর | % | ৫ | ৯৮ | ৩৭.৫ | ৯৭ | ৯৬.৫ | ৯৫ | ৯৮ | ১০০.০০ | ৫ |
| পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি করা; | বিআরটি করিডোরের এলিভেটেড অংশ নির্মাণ | সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ২.০০ | ২৫ | ২০ | ১৫ | ১২ | ১০ | ১৯ | ৮০.০০ | ১.৬ |
| | কর্ণফুলী টানেল নির্মাণ | ভূমি অধিগ্রহণের জন্য প্রস্তাব প্রেরিত (ক্রমপুঞ্জিভূত) | তারিখ | ১.০০ | ৩১.১২ ২০১৮ | ০৭.০১ ২০১৯ | ১৪.০১ ২০১৯ | ২১.০১ ২০১৯ | ২৮.০১ ২০১৯ | ২৮.০৮ ২০১৮ | ১০০.০০ | ১ |
| | | সম্পাদিত ভৌত নির্মাণ কাজ (ক্রমপুঞ্জিভূত) | % | ৪.০০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ৪৫.০২ | ১০০.০০ | ৪ |
| | ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ | LAP & RAP এর জন্য নিয়োগকৃত পরামর্শকের প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ২.০০ | ২৮.০২ ২০১৯ | ১৫.০৩ ২০১৯ | ৩১.০৩ ২০১৯ | ১৫.০৪ ২০১৯ | ৩০.০৪ ২০১৯ | ২৭.০২ ২০১৯ | ১০০.০০ | ২ |
| | | Review of Design & Supervisin Consultant নিয়োজিত | তারিখ | ২.০০ | ২৮.০২ ২০১৯ | ১৫.০৩ ২০১৯ | ৩১.০৩ ২০১৯ | ১৫.০৪ ২০১৯ | ৩০.০৪ ২০১৯ | ২৭.০২ ২০১৯ | ১০০.০০ | ২ |
| | | ভূমি অধিগ্রহণের জন্য প্রস্তাব প্রেরিত | তারিখ | ১.০০ | ৩১.০৫ ২০১৯ | ০৭.০৬ ২০১৯ | ১৫.০৬ ২০১৯ | ২২.০৬ ২০১৯ | ৩০.০৬ ২০১৯ | ৩০.০৫ ২০১৯ | ১০০.০০ | ১ |
| | ঢাকা সাবওয়ে নির্মাণ | Fesibilitz Studz এর Inception Report দাখিলকৃত | তারিখ | ২.০০ | ৩১.১০ ২০১৮ | ১৫.১১ ২০১৮ | ৩০.১১ ২০১৮ | ১৫.১৫ ২০১৮ | ৩১.১২ ২০১৮ | ২৭.০৯ ২০১৮ | ১০০ | ২ |
| | | Fesibilitz Studz এর Inception Report দাখিলকৃত | তারিখ | ২.০০ | ৩১.০৫ ২০১৯ | ০৭.০৬ ২০১৯ | ১৪.০৬ ২০১৯ | ২১.০৬ ২০১৯ | ৩০.০৬ ২০১৯ | ৩০.০৫ ২০১৯ | ১০০ | ২ |
| | | Fesibilitz Studz এর পরামর্শক নিয়োজিত | তারিখ | ১.০০ | ৩১.০৮ ২০১৮ | ১৫.০৯ ২০১৮ | ৩০.০৯ ২০১৮ | ১৫.১০ ২০১৮ | ৩১.১০ ২০১৮ | ০৫.০৮ ২০১৮ | ১০০ | ১ |
| | | আই এম ই ডি হতে প্রাপ্ত সুপারিশ/পর্যবেক্ষণের প্রেক্ষিতে জবাব প্রেরণ | % | ২.০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ | ২ |

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্ম সম্পাদনের সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | পরিমাপের মান | | | | | | সাফল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | অর্জন | খসড়া | ওয়েটেড স্কোর |
| | | পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক বরিশাল-ভোলা সড়কে তেঁতুলিয়াও কালাবদর নদীর উপর সেতুনির্মানের Fesibilitz Studz দাখিলকৃত | তারিখ | ১.০০ | ৩১.০১ ২০১৯ | ১৫.০২ ২০১৯ | ২৮.০২ ২০১৯ | ১৫.০৩ ২০১৯ | ৩১.০৩ ২০১৯ | ০৬.১২ ২০১৮ | ১০০ | ১ |
| | | পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক বাউফল-বাকেরগঞ্জ সড়কে কারখানা নদীর উপর সেতু নির্মানের Fesibilitz Studz দাখিলকৃত | তারিখ | ১.০০ | ৩১.১১ ২০১৮ | ১৫.১২ ২০১৮ | ৩১.১২ ২০১৮ | ১৫.০১ ২০১৯ | ৩১.০১ ২০১৯ | ২৯.১১ ২০১৮ | ১০০ | ১ |
| | | পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক পটুয়াখালী-বরগুণা সড়কের আমতলী-কাকচিরা পয়েন্টে পায়রা নদীর উপর সেতু নির্মাণের Fesibilitz Studz দাখিলকৃত | তারিখ | ১.০০ | ৩১.১১ ২০১৮ | ১৫.১২ ২০১৮ | ৩১.১২ ২০১৮ | ১৫.০১ ২০১৯ | ৩১.০১ ২০১৯ | ২৯.১১ ২০১৮ | ১০০ | ১ |
| | দক্ষিণ-পূর্বাংশে এলাকায় সেতু নির্মাণ | পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক বরগুণা-পাথরঘাটা সড়কের বরইতলা বাইনচটকি পয়েন্টে বিষখালী নদীর উপর সেতু নির্মানের Fesibilitz Studz দাখিলকৃত | তারিখ | ১.০০ | ৩১.০১ ২০১৯ | ১৫.০২ ২০১৯ | ২৮.০২ ২০১৯ | ১৫.০৩ ২০১৯ | ৩১.০৩ ২০১৯ | | ০ | |
| | | পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মানের Fesibilitz Studz দাখিলকৃত | তারিখ | ১.০০ | ৩১.১১ ২০১৮ | ১৫.১২ ২০১৮ | ৩১.১২ ২০১৮ | ১৫.০১ ২০১৯ | ৩১.০১ ২০১৯ | ২৯.১১ ২০১৮ | ১০০ | ১ |
| | | মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুত কচুয়া-বেতাগী-পটুয়াখালী সরকে পায়রা নদীর উপরি এবং বরিশাল-মুলাদী সড়কে আড়িয়াল খাঁ নদীর উপর সেতু নির্মাণে বৈদেশিক অর্থায়নের জন্য ই আর ডি বরাবর পত্র প্রেরিত | তারিখ | ০.৫ | ০১.০৬ ২০১৯ | ০৮.০৬ ২০১৯ | ১৫.০৬ ২০১৯ | ২২.০৬ ২০১৯ | ৩০.০৬ ২০১৯ | ০৮.০১ ২০১৯ | ১০০ | ০.৫ |
| | | পিপিপি প্রকল্প চিহ্নিত ও সিসিইএ এর অনুমোদন গৃহীত | তারিখ | ০.৫ | ৩০.০৪ ২০১৯ | ০৭.০৫ ২০১৯ | ১৪.০৫ ২০১৯ | ২১.০৫ ২০১৯ | ৩১.০৫ ২০১৯ | | ০ | |


| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্ম সম্পাদনের সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | পরিমাপের মান | | | | | | সাফল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | অর্জন | খসড়া | ওয়েটেড স্কোর |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | অধিনস্ত দপ্তর সংস্থারসঙ্গে২০১৮-১৯ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও ওয়েবসাইটে আপলোড | স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ওয়েবসাইটে আপলোডকৃত | তারিখ | .৫০ | ২৪.০৬ ২০১৮ | ২৬.০৬ ২০১৮ | ১৮.০৬ ২০১৮ | | | ২৪.০৬ ২০১৮ | ১০০.০০ | ০.৫ |
| | ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | .৫০ | ১৯.০৮ ২০১৮ | ২৭.০৮ ২০১৮ | ২৯.০৮ ২০১৮ | ০৩.০৯ ২০১৮ | ০৫.০৯ ২০১৮ | ১৬.০৮ ২০১৮ | ১০০.০০ | ০.৫ |
| | দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচান্তে ফলাবর্তক (feedback) প্রদান | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১.০০ | ৩১.০১ ২০১৮ | ০৭.০২ ২০১৮ | ১০.০২ ২০১৮ | ১১.০২ ২০১৮ | ১৪.০২ ২০১৮ | ৩১.০১ ২০১৮ | ১০০.০০ | ১ |
| | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদর জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জন ঘন্টা | ১.০০ | ৬০ | | | | | ৮১.১৯ | ১০০.০০ | ১ |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | মন্ত্রণালয়/ বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ | ৭.৬৫ | ০ | ০ |
| | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ১৫.২৭ | ০ | ০ |
| | | ই-ফাইলে পত্র জারিকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৪১.৪ | ০ | ১ |
| | মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অনলাইন সেবা চালু করা | নূন্যতম একটি ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১.০০ | ১৫.০১ ২০১৯ | ১৭.০২ ২০১৯ | ৩১.০৩ ২০১৯ | ৩০.০৪ ২০১৯ | ৩০.০৫ ২০১৯ | ১৫.০১ ২০১৯ | ১০০.০০ | ১ |
| | মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | ডাটাবেস অনুযায়ী নূন্যতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১.০০ | ১১.০৩ ২০১৯ | ১৮.০৩ ২০১৯ | ২৫.০৩ ২০১৯ | ০১.০৪ ২০১৯ | ০৮.০৪ ২০১৯ | ১১.০৩ ২০১৯ | ১০০.০০ | ১ |
| | প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | % | ০.৫ | ১০.০১ ২০১৯ | ১৭.০১ ২০১৯ | ২৪.০১ ২০১৯ | ২৮.০১ ২০১৯ | ৩১.০১ ২০১৯ | ২৪.১২ ২০১৯ | ১০০.০০ | ০.৫ |
| | | প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ০.৫০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০.০০ | ০.৫ |
| | সিটিজেনস চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ | ১০০ | ১০০.০০ | ১ |
| | | সেবা গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | ৩১.১২ ২০১৮ | ১৫.০১ ২০১৯ | ০৭.০২ ২০১৯ | ১৭.০২ ২০১৯ | ২৮.০২ ২০১৯ | ৩১.১২ ২০১৮ | ১০০ | ১ |

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্ম সম্পাদনের সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | পরিমাপের মান | | | | | | সাফল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | অর্জন | খসড়া | ওয়েটেড স্কোর |
| | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ১০০ | ১০০.০০ | ০.৫ |
| | | অভিযোগ নিষ্পত্তির বিষয়ে অভিযোগকারীকে অবহিতকরণ | % | ০.৫ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ১০০ | ১০০.০০ | ০.৫ |
| | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারী পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০.০০ | ০.৫ |
| | | ছুটি নগদায়ন জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০.০০ | ০.৫ |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | % | ০.৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ১০০ | ১০০.০০ | ০.৫ |
| | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ১০০০ | ১০০ | ০.৫ |
| | স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | | ০.৫০ | ০১.০২ ২০১৮ | ১৫.০২ ২০১৮ | ২৮.০২ ২০১৮ | ২৮.০৩ ২০১৮ | ১৫.০৪ ২০১৮ | ১৫.০৪ ২০১৮ | ০১.০২ | ০.৫ |
| | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | | ০.৫০ | ০১.০২ ২০১৮ | ১৫.০২ ২০১৮ | ২৮.০২ ২০১৮ | ২৮.০৩ ২০১৮ | ১৫.০৪ ২০১৮ | ১৫.০৪ ২০১৮ | ০১.০২ | ০.৫ |
| | বাজেট বাস্তবায়নে উন্নয়ন | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত | সংখ্যা | ০.৫০ | ১ | | | | | ১ | ১০০ | ০.৫ |
| | | ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | ৪ | ৩ | | | | ৪ | ১০০ | ০.৫ |
| | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২.০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ৯৭.৭১ | ৯৫.৫ | ১.৯১ |
| | বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | % | ২.০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ | ০.৫ |
| | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ি নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | ৮০ | ১০০ | ০.৫ |
| | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১.০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ | ১ |
| | | নিয়োগ প্রদানকৃত | % | ১.০০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | ৬০ | ৮০ | ০.৮ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকিল্পনা পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | ৪ | ৩ | | | | ৪ | ১০০ | ১ |
| | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকিল্পনা পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যটা বাস্তবায়িত | % | ১.০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ৯০ | ৮০.০০ | ০.৮ |
| | তথ্য বাতায়ন | মন্ত্রণালয়/বিভাগর সকল তথ্য ও অনলাইন সেবা | % | ১.০০ | ১০০ | ৯০ | ৮০ | | | | ১০০.০০ | ১.০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্ম সম্পাদনের সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | পরিমাপের মান | | | | | | সাফল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | অর্জন | খসড়া | ওয়েটেড স্কোর |
| | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | | |
| | হালনাগাদকরণ | ৩৩৩ সহ তথ্য বাতায়নে সংযোজিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ | ১ |
| | মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | ১৫.১০ ২০১৮ | ২৯.১০ ২০১৮ | ১৫.১১ ২০১৮ | ২৯.১১ ২০১৮ | ১৩.১২ ২০১৮ | ১৫.১০ ২০১৮ | ১০০ | ১ |
| মোট সংযুক্ত স্কোর | | | | | | | | | | | | ৯৩.২১ |

১৬। সেতু বিভাগের গৃহীত উন্নয়ন কার্যক্রমসমূহ দেশের সুষ্ঠু ও সমন্বিত যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে দেশের দারিদ্র্য নিরসন এবং আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় বাংলাদেশ



# সেতু বিভাগ

## সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

সেতু ভবন, নিউ এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা-১২১২
ফোন : ৫৫০৪০৩৩৩, ফ্যাক্স : ৫৫০৪০৪৪৪
www.bridgesdivision.gov.bd
facebook.com/bridgesdivision